ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৮৬
আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"প্রতিবাদী কলম" পত্রিকার ১৮ অক্টোবর ২০২৫ তারিখে প্রকাশিত "সাব্রুমে ফার্মাসিস্ট বিহীন ওষুধ বিক্রি, ইনজেকশন পুশিংয়ে অরাজকতা" শিরোনামের সংবাদ প্রতিবেদনটি দক্ষিণ ত্রিপুরার মূখ্য স্বাস্থ্য অধিকারিকের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে মূখ্য স্বাস্থ্য অধিকারিকের কার্যালয়ের রিপোর্ট অনুসারে সংবাদ প্রতিবেদনটি জনমনে অযথা আতঙ্ক ও বিভ্রান্তি সৃষ্টি করেছে এবং ওষুধ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রতি ভুল ধারণা প্রদান করেছে। উক্ত প্রতিবেদন সংক্রান্ত বাস্তব তথ্য নিম্নরূপ:

১. ফার্মাসিস্টের উপস্থিতি:
সংবাদে দাবি করা হয়েছে যে অধিকাংশ ওষুধের দোকান ফার্মাসিস্ট ছাড়াই পরিচালিত হচ্ছে, যা বাস্তবতার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। ড্রাগস ইন্সপেক্টর কর্তৃক সাব্রুম মহকুমার বিভিন্ন দোকানে পরিদর্শনকালে দেখেছেন অধিকাংশ দোকানে নিবন্ধিত ফার্মাসিস্ট নিয়োজিত আছে। তবে ইহা সত্য যে কিছু দোকানে পরিদর্শনের সময় ফার্মাসিস্ট অনুপস্থিত ছিলেন, শুধুমাত্র একটি দোকানকে লাইসেন্সবিহীন অবস্থায় পাওয়া যায়, যার বিরুদ্ধে ইতিমধ্যে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২. অননুমোদিত ব্যক্তির দ্বারা ইনজেকশন প্রদান:
সংবাদে ইনজেকশন অননুমোদিত ব্যক্তির দ্বারা দেওয়ার অভিযোগ করা হয়েছে, যা সম্পূর্ণ ভিত্তিহীন। পরিদর্শনের সময় এমন কোনো ঘটনা পরিলক্ষিত হয়নি বা কোনো বিশ্বাসযোগ্য অভিযোগ পাওয়া যায়নি।

৩. বিল ভাউচারের অনুপস্থিতি:
প্রতিবেদন অনুযায়ী দোকানগুলি বিল প্রদান করছে না-এই দাবিও অসত্য। পরিদর্শিত সকল দোকানে যথাযথ বিলিং ব্যবস্থা বিদ্যমান এবং গ্রাহকদের ভাউচার প্রদান করা হয়েছে।

৪. বিচ্ছিন্ন অনিয়ম:
পরিদর্শনের সময় একটি দোকানে লাইসেন্স সংক্রান্ত অনিয়ম ধরা পড়ে, যার বিরুদ্ধে LA & DDC, Govt. of Tripura-এর নির্দেশ অনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হয়েছে।

৫. পেশাগত সততা:
ড্রাগস ইন্সপেক্টর তাঁর দায়িত্ব সততা ও স্বচ্ছতার সঙ্গে পালন করেছেন। সংবাদপত্রে প্রকাশিত বিভ্রান্তিকর তথ্য প্রশাসনের কার্যক্রমকে প্রশ্নবিদ্ধ করে এবং জনস্বাস্থ্যের প্রতি আস্থা নষ্ট করে। অতএব, উপরোক্ত বাস্তব তথ্যের ভিত্তিতে "প্রতিবাদী কলম"-এ প্রকাশিত সংবাদটি বিভ্রান্তিকর ও উদ্দেশ্যপ্রণোদিত বলে গণ্য করা হচ্ছে। সংবাদপত্রের প্রতি অনুরোধ জানানো হচ্ছে, ভবিষ্যতে যথাযথ যাচাই-বাছাই করে সংবাদ পরিবেশন করার জন্য।

********